সংবাদ
তারিখ 06 AUG 2008
পৃষ্ঠা 2 কলাম 2




ছাত্রলীগ সাধারণ সম্পাদক রোটেনের মুক্তির দাবিতে ছাত্ররা গতকাল ঢাবি ভিসির কার্যালয়ের সামনে বিক্ষোভ ও অগ্নিসংযোগ করে -সংবাদ

### মুক্তির পর ফের গ্রেফতার রোটেন

# ঢাবি উপাচার্য অবরুদ্ধ, ভাঙচুর আগুন : আজ ছাত্র ধর্মঘট

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ছাত্রলীগ সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার রোটনকে মুক্তির পর ফের গ্রেফতারের প্রতিবাদে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির কার্যালয় ঘেরাও করে মানবাধিকার সচেতন শিক্ষার্থীরা। এ সময় তারা ভাঙচুর, অগ্নিসংযোগ ও বিক্ষোভ প্রদর্শন করে। এদিকে রোটনের মুক্তির দাবিতে আজ ঢাবিতে ধর্মঘট ডেকেছে মানবাধিকার সচেতন শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের এসব কর্মসূচির সঙ্গে ছাত্রলীগ নেতাকর্মীরাও সংহতি প্রকাশ করে যোগ দেন। প্রত্যক্ষদর্শীরা জানান, রোটনকে ফের গ্রেফতারের খবর; ক্যাম্পাসে পৌছলে মানবাধিকার সচেতন শিক্ষার্থীদের ব্যানারে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে তারা উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান নেয়; তারা রোটনের মুক্তির দাবিতে বিক্ষোভ প্রদর্শন করতে থাকে। পরে শিক্ষার্থীরা উপাচার্যের বাংলোর সামনে গিয়ে বিক্ষোভ করে। এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা অগ্নিসংযোগ করে বিক্ষোভ প্রদর্শন করে। পরে টিএসসি অবরুদ্ধ : পৃষ্ঠা: ১১ ক : ৭

## অবরুদ্ধ : উপাচার্য

(১ম পৃষ্ঠার পর)

এলাকায় ১টি এবং মল চত্বরে একটি গাড়ি ভাঙচুর করে। তারা সন্ধ্যায় উপাচার্য কার্যালয়ে ভাঙচুরও করে। ছাত্রলীগ নেতাকর্মী ও শিক্ষার্থীরা উপাচার্য অফিসের জানালা ও ফুলের টব ভাঙচুর করে।

এর আগে সেখানে সংক্ষিপ্ত এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ছাত্রলীগ নেতারা বলেন, রোটনের মুক্তি নিয়ে সরকার ও বিশ্ববিদ্যালয় প্রশাসন টালবাহানা শুরু করেছে। মুক্তির পর আবারও তাকে গ্রেফতারের ঘটনা এর প্রমাণ। কিন্তু আর টালবাহানা সহ্য করা হবে না, অবিলম্বে তাকে মুক্তি না দিলে কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। নেতারা সমাবেশ থেকে আজ বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটের ঘোষণা দেন।

সমাবেশে ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসান রিপন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সৈয়দ আবুল কালাম, সহ-সভাপতি তারেক-আল-মামুন, যুগ্ম সম্পাদক ইকবাল মাহমুদ বাবলু, সাংগঠনিক সম্পাদক আশরাফুর রহমানসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

এসব ঘটনায় গতকাল বিকেলে হঠাৎ করেই উত্তপ্ত হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। গাড়ি ভাঙচুরের ঘটনায় বিকেলের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়। বিকেলে শাহবাগ-নীলক্ষেত মোড়, চানখারপুল